

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ শীর্ষক (২য় সংশোধিত) প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

নং: ৩২.০১.০০০০.০৪৭.০২.০১১.১৭- ৩৪৫

তারিখ: ১৩/০৬/২০২৩ খ্রি:

বিষয়: সাকুল্যে বেতনে কর্মরত কর্মচারীদের প্রকল্প সমাপ্তিতে সার্ভিস বেনিফিট প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ শীর্ষক (২য় সংশোধিত) প্রকল্পের ৪৩১ টি উপজেলায় সাকুল্যে বেতনে নিয়োগকৃত প্রশিক্ষকদের সার্ভিস বেনিফিট ও উৎসব ভাতা বাবদ ১৩,৪৩,১১,৭৫০.০০ (তের কোটি তেতাল্লিশ লক্ষ এগার হাজার সাতশত পঞ্চাশ টাকা) মাত্র বাজেট প্রেরণ করা হয়। যেহেতু প্রকল্পের মেয়াদ জুন-২০২৩ সমাপ্ত হবে। সেহেতু অর্থ বিভাগের ১৪/১০/১৯৯৭ তারিখের অম/অবি/উঃস/বিবিধ-৫২/৯৬/৪১৬ নং স্মারকের সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের সাকুল্যে বেতনে কর্মরত কর্মচারীদের প্রকল্প সমাপ্তিতে প্রতি বছর চাকুরীর জন্য ২ (দুই) মাসের সাকুল্যে বেতনের সমপরিমাণ অর্থ এককালীন আর্থিক সাহায্য হিসাবে প্রাপ্য হবেন। অতএব চুক্তিভিত্তিক নিয়োগকৃত প্রশিক্ষকদের সার্ভিস বেনিফিট প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

(মোঃ তরিকুল আলম)

অতিরিক্ত সচিব

ও

প্রকল্প পরিচালক

০২-৫৫১৩৮১২৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল)।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৬। প্রোগ্রাম অফিসার, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি।